যুগান্তর

19 FEB 2015

# বেসরকারি ডেন্টালে ভর্তির যোগ্যতা শিথিল

## পাস মার্ক ৪০-এর পরিবর্তে ৩০

রাশেদ রাব্বি

অবশেষে বেসরকারি ডেন্টাল কলেজে এবং বেসরকারি মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ভর্তির যোগ্যতা শিথিল করা হয়েছে। বুধবার স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের এক চিঠিতে ন্যূনতম পাস মার্ক ৪০-এর পরিবর্তে ৩০ নির্ধারণ করে পূর্বের সিদ্ধান্ত শিথিল করার কথা জানানো হয়।

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মতিউর রহমান স্বাক্ষরিত এ চিঠিতে বলা হয়, বেসরকারি ডেন্টাল কলেজে চলতি ২০১৪-১৫ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে লিখিত পরীক্ষায় ন্যূনতম পাস মার্ক ৪০ পরিবর্তন করে ৩০ নির্ধারণ করা হল। তবে ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১২০ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ভর্তির পূর্ববর্তী শর্ত অপরিবর্তিত থাকবে।

মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, বুধবার স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বেসরকারি ডেন্টাল কলেজে ভর্তির পাস মার্ক কমানোর একটি ফাইলে স্বাক্ষর করেন। তারপরই এ নির্দেশনা জারি করা হয়। ২০১৪-১৫ শিক্ষাবর্ষে মেডিকেল ভর্তির আবেদনপত্র গত বছরের ১৬ আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত জমা নেয়া হয়। এরপর ২৪ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ২৬ অক্টোবর পরীক্ষার ফল প্রকাশ করা হয়। ১০ জানুয়ারি থেকে সারা দেশে একযোগে এমবিবিএস ও বিডিএসের ক্লাশ শুরু হয়। তবে এ সেশনে মেডিকেল ভর্তির ক্ষেত্রে পাস মার্ক পূর্বের ২০ থেকে বাড়িয়ে ৪০ করা হয়। ফলে পূর্বের তুলনায় পাসের হার অনেকাংশে হ্রাস পায়। এরপর শিক্ষার্থী সংকটের কথা বলে প্রাইভেট মেডিকেল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ভর্তির পাস মার্ক কমানোর জন্য বিভিন্ন দাবি জানানো হয়। কিন্তু স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মেডিকেল ভর্তির ক্ষেত্রে অযোগ্যদের কোনো ছাড় নয় বলে দাবি নাকচ করে দেন। এরপর দেশের প্রাইভেট মেডিকেল কলেজগুলোতে প্রায় সাড়ে ৩ হাজার আসন শূন্য রেখেই সম্পন্ন হয় ২০১৪-১৫ সেশনের ভর্তি প্রক্রিয়া।

এদিকে ভর্তি পরীক্ষার পাস মার্ক কমানোর বিষয়ে কয়েক দফা সরকারের কাছে দাবি জানান বেসরকারি মেডিকেল কলেজের মালিকরা। ওই দাবি আমলে নিয়ে প্রথমে ১৪ ডিসেম্বর এবং পরে ৩ ফেব্রুয়ারি স্বাস্থ্য মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। প্রথম সভায় সিদ্ধান্তের পরিবর্তন না করলেও পরবর্তী সভায় পাস মার্ক না কমিয়ে বিদেশী কোটায় ১০ শতাংশ অতিরিক্ত ছাত্র ভর্তির অনুমোদন দেয় মন্ত্রণালয়। অবশ্য একই দাবিতে প্রাইভেট মেডিকেল কলেজের মালিকরা রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বরাবর শিক্ষার্থী ভর্তির পাস মার্ক কমানোর আবেদন করেন। রাষ্ট্রপতির কার্যালয়ের সিনিয়র সহকারী সচিব জান্নাতুন নাঈম স্বাক্ষরিত ১৮ জানুয়ারির এক প্রজ্ঞাপন সূত্রে জানা যায়, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে পাস মার্ক কমিয়ে বেসরকারি মেডিকেল কলেজের ক্ষেত্রে ৪০ থেকে ২০ এবং ডেন্টাল কলেজের জন্য ১০ নম্বর করার আবেদন করা হয়।

এদিকে এ নির্দেশনা জারির ফলে শিক্ষার্থী সংকট কাটবে বলে আশাবাদী বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কর্তৃপক্ষ। এ প্রসঙ্গে প্রাইভেট মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশনের অর্থ সম্পাদক মো. ইকরাম হোসেন বিজু যুগান্তরকে বলেন, মন্ত্রণালয়ের এ নির্দেশনায় আমরা আনন্দিত। তবে একই নিয়মানুসারে বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ পরিচালিত হলেও শুধু ডেন্টালের ক্ষেত্রে এ সুবিধা প্রদান না করে উভয়ের ক্ষেত্রেই করা উচিত ছিল। এতদিন কঠোর অবস্থানে থাকার পর এ পর্যায়ে এসে কেন পাস মার্ক কমিয়ে ভর্তির যোগ্যতা শিথিল করা হল জানতে চাইলে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আইয়ুবুর রহমান যুগান্তরকে বলেন, পাস মার্ক বেশি থাকায় এ বছর বেসরকারি ডেন্টাল কলেজগুলোতে গড়ে ৩ থেকে ৪ জন করে শিক্ষার্থী ভর্তি হয়। যার পরিপ্রেক্ষিতে কলেজগুলো চালানো অসম্ভব হয়ে পড়ে। তাই এ সুযোগ প্রদান করা হয়েছে। ইতিপূর্বে বিভিন্ন সময় সরকার এ ধরনের সুবিধা দিয়েছে বলে জানান তিনি।

জানতে চাইলে স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (মেডিকেল শিক্ষা) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান যুগান্তরকে বলেন, আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত এ সুবিধায় শিক্ষার্থী ভর্তির সুযোগ রয়েছে।